

প্রিয় পিতামাতা/অভিভাবক,

টরন্টো ডিস্ট্রিক্ট স্কুল বোর্ড ‘স্কুল ক্যাশ অনলাইন’ চালু করেছে, এর মাধ্যমে পিতামাতা ও অভিভাবকরা এজেন্ডা, ইয়ারবুক ও ক্লাস ট্রিপসহ তাদের ছেলেমেয়েদের স্কুলের ফি সহজে, নিরাপদে ও সুবিধাজনকভাবে প্রদান করতে পারবেন। [insert date] তারিখের সপ্তাহ থেকে আমাদের স্কুলের জন্য ‘স্কুল ক্যাশ অনলাইন’ ব্যবহার করা যাবে।

আপনার সন্তানের জন্য প্রযোজ্য স্কুলের সব ফি ‘স্কুল ক্যাশ অনলাইন’-এ পোস্ট করা হবে। নিবন্ধন করার পর, আপনি একটি ডেবিট বা ক্রেডিট কার্ডের মাধ্যমে আইটেম ও অ্যাক্টিভিটি ক্রয় করতে পারবেন। স্কুল যখন কেনার জন্য অনলাইনে কোনো আইটেম পোস্ট করবে তখন আপনি তা দেখতে পারবেন এবং আপনার সন্তানের স্কুলে নতুন কোনো ইভেন্টের জন্য পেমেন্ট করার প্রয়োজন হলে আপনার নোটিস পাওয়ার অপশন থাকবে।

[insert date] তারিখের সপ্তাহে নিবন্ধন শুরু হবে। ‘স্কুল ক্যাশ অনলাইন’-এর জন্য নিবন্ধন করতে, অনুগ্রহ করে <https://tdsb.schoolcashionline.com> ওয়েবসাইটে যান, “Get Started Today” নির্বাচন করুন এবং নিবন্ধনের তিনটি ধাপ সম্পন্ন করুন। নিবন্ধন প্রক্রিয়া সম্পর্কে আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে এই চিঠির সাথে সংযুক্ত লিফলেটটি দেখুন। নিবন্ধন করার পর, অনলাইনে কোনো আইটেম যোগ করা হলে আপনি ইমেইলের মাধ্যমে বিজ্ঞপ্তি পাবেন।

নিবন্ধন প্রক্রিয়া বা ‘স্কুল ক্যাশ অনলাইন’ কিভাবে ব্যবহার করতে হবে সে সম্পর্কে আপনার কোনো প্রশ্ন থাকলে, অনুগ্রহ করে ‘স্কুল ক্যাশ অনলাইন’ ওয়েবপেইজের উপরের অংশ থেকে “Get Help” অপশনটি নির্বাচন করুন। এছাড়াও আপনি 1-866-961-1803 নম্বরে ফোন করে বা parenthelp@schoolcashionline.com ঠিকানায় ইমেইল করে ‘স্কুল ক্যাশ অনলাইন’-এর প্যারেন্ট হেল্প ডেস্কের সাথে যোগাযোগ করতে পারেন। পিতামাতা/অভিভাবকদেরকে নিবন্ধন প্রক্রিয়া, পাসওয়ার্ড পুনরুদ্ধার, আপনার অ্যাকাউন্টে প্রবেশ করা বা পাসওয়ার্ড সংক্রান্ত বিষয়ে সাহায্য করার জন্য প্যারেন্ট হেল্প ডেস্কের সাথে যোগাযোগ করা যাবে।

বিনীত,

[Principal's name]